

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বেসরকারিশিক্ষকনিবন্ধনওপ্রত্যয়নকর্তৃপক্ষ(NTRCA)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।  
[www.ntrca.gov.bd](http://www.ntrca.gov.bd)


স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.০৭.০০০২.২০.১৯৫

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩২ ব.  
১৯ ফেব্রুয়ারী ২০২৬ খ্রি.

**বিষয়: অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২৩ এ চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের ই-প্রত্যয়নপত্র (e-Certificate) পুনরায় ডাউনলোড সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর ব্যবস্থাপনায় গৃহীত অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২৩ এ চূড়ান্তভাবে উত্তীর্ণ যেসকল প্রার্থী নির্ধারিত সময়ে ই-প্রত্যয়নপত্র (e-Certificate) ডাউনলোড করতে পারেননি/ডাউনলোড করার পর সংরক্ষণ করতে পারেননি অথবা যে কোন কারণে বিনষ্ট হয়েছে তাদেরকে আগামী ২২/০২/২০২৬ খ্রি. তারিখে থেকে ২৬/০২/২০২৬ খ্রি. তারিখ পুনরায় ই-প্রত্যয়নপত্র (e-Certificate) ডাউনলোড করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। উল্লেখ্য, অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২৩ এ চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থী তাঁর নিবন্ধন পরীক্ষার রোল, ব্যাচ, ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষার ই-প্রত্যয়নপত্র (e-Certificate) এনটিআরসিএ-এর ওয়েবসাইট হতে কেবলমাত্র ০১ (এক) বার ডাউনলোড করতে পারবেন। সে প্রেক্ষিতে প্রার্থী তাঁর ডাউনলোডকৃত ই-প্রত্যয়নপত্র (e-Certificate) এর সফট কপি ও হার্ড কপি সতর্কতার সাথে সংরক্ষণ করবেন।



তাসনিম জেবিন বিনতে শেখ (১৬১৮৬)  
পরিচালক (উপসচিব)  
পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন  
এনটিআরসিএ, ঢাকা।